

১৯তলা বাণিজ্যিক ভবন নির্মাণে মেঘনা পেট্রোলিয়াম ও এএনজেডের মধ্যে চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের অঙ্গ প্রতিষ্ঠান মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ১৯তলা বাণিজ্যিক স্থাপনা 'মেঘনা ভবন' নির্মাণের লক্ষ্যে রিয়েল এস্টেট প্রতিষ্ঠান এএনজেড প্রপার্টিজের সাথে আনুষ্ঠানিক চুক্তি হয়েছে। গতকাল সোমবার নগরীর আগ্রাবাদস্থ মেঘনা পেট্রোলিয়ামের কর্পোরেট অফিসে এই চুক্তি স্বাক্ষরিত হয়। মেঘনা পেট্রোলিয়ামের ব্যবস্থাপনা পরিচালক মীর ছাইফুল্লাহ-আল-খালেদের উপস্থিতিতে মেঘনার হেড অব অপারেশন্স শেখ আবদুল মোতালেব এবং এএনজেড প্রপার্টিজের প্রধান পরিচালন কর্মকর্তা প্রকৌশলী তানভীর শাহরিয়ার রিমন স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

বহুতল মেঘনা ভবনের প্রকল্প পরিচালক এবং মেঘনা পেট্রোলিয়ামের ডিজিএম মাহবুবুন নূর জানান, মেঘনা ভবন নির্মাণের লক্ষ্যে চলতি বছরের জানুয়ারি মাসে উন্মুক্ত টেন্ডার আহ্বান করা হলে দেশের শীর্ষ ১৩টি নির্মাণ প্রতিষ্ঠান এতে অংশগ্রহণ করে। পরবর্তীতে কারিগরি যাচাই-বাছাই এবং আর্থিক বিডিং-এর ধারাবাহিকতা শেষ করে এএনজেড প্রপার্টিজ এই বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণের জন্য যোগ্য বিবেচিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেঘনা পেট্রোলিয়ামের মহাব্যবস্থাপক (এঅ্যান্ডএফ) কাজী মনোয়ার দিলদার, মহাব্যবস্থাপক (মার্কেটিং) শহিদুল হক, মহাব্যবস্থাপক (এইচআর) মো. আকতার হোসেন, ডেপুটি জেনারেল ম্যানেজার (পিঅ্যান্ডই) জসিম উদ্দিন, ডেপুটি জেনারেল ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং) এবং প্রকল্প পরিচালক প্রকৌশলী মাহবুবুন নূর, অ্যাসিস্টেন্ট জেনারেল ম্যানেজার (পারচেজ) ইনাম ইলাহী চৌধুরী, এএনজেড প্রপার্টিজের প্রধান প্রকৌশলী বিশ্বজিত চৌধুরী, মীর মোয়াজ্জেম হোসেন চৌধুরী, মঈনুদ্দিন হাসান, মেঘনা পেট্রোলিয়াম সিবিএ সভাপতি সাদেকুর রহমান এবং সাধারণ সম্পাদক মো. হামিদুর রহমান। আগামী ৪ নভেম্বর এই বহুতল ভবন নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এমপি। বিশেষ অতিথি থাকবেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দিন, এম এ লতিফ এমপি, জ্বালানি সচিব নাজিম উদ্দীন চৌধুরী, এএনজেড প্রপার্টিজের ব্যবস্থাপনা পরিচালক হুমায়ূন পারভেজ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিপিসির চেয়ারম্যান আবু হেনা মোহাম্মদ রহমাতুল মুনিম। প্রেস বিজ্ঞপ্তি।



নগরীর আগ্রাবাদ এলাকায় মেঘনা ভবন নির্মাণের জন্য মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড ও এএনজেড প্রপার্টিজের মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান - আজাদী